



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



## বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন সনদ

স্মারক নং-ঢাশিবো/বি/২৩১/ইংলিশ/ ৩০৫৬

তারিখ: ২৪ ০৭ ২৪

প্রত্যয়ন করা যাচ্ছে, **Averroes International School-Uttara**, সেক্টর-০৭, রোড-০৭, বিল্ডিং- ০৩, উত্তরা, ঢাকা- ১২০৩ কে “রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুল’স অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. xx of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০১৭ (এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭)-এর ধারা ৪-এর উপ-ধারা (২) এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়-কে ০১/০১/২০২৪ হতে ৩১/১২/২০২৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক (‘O’ Level এবং ‘A’ Level) পর্যায়ে নিবন্ধন প্রদান করা হলো। উক্ত নিবন্ধন প্রতি ০৩ (তিন) বৎসর মেয়াদান্তে নবায়ন করতে হবে।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে।

### শর্তসমূহ

- ১। বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না।
- ২। বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালার ১২ উপবিধি অনুসরণ করতে হবে।
- ৩। বিধিমালার ৬(৪) উপবিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৪। বিধিমালার ২০(৩) উপবিধি অনুযায়ী অডিট টিম কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
- ৫। বিধিমালার ১৯ উপবিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে।
- ৬। উক্ত বিধিমালার ১৪ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার ৪ উপবিধি মোতাবেক নিবন্ধনের ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজস্ব ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে।
- ৭। বিদ্যালয়ে শ্রেণিভিত্তিক পাঠদান করাতে হবে এবং ভর্তির বিপরীতে বা পুন: ভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না।
- ৮। শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক ইত্যাদি-
  - ক) শিক্ষা বোর্ড/ সরকার কর্তৃক অনুমোদিত অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত শিক্ষাক্রম অনুসরণ করতে হবে;
  - খ) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ও প্রকাশিত ‘বাংলাদেশ ও বিশ্বপরিচয়’ পাঠ্যপুস্তকটি অবশ্যই প্রত্যেক শ্রেণিতে পাঠদান করাতে হবে।
  - গ) পাঠদানের উদ্দেশ্যে এমন কোন পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না- যা
    - \* জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত নয়;
    - \* বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতির সহিত সামঞ্জস্যপূর্ণ নয়; এবং
    - \* মহান মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরোধী বলে প্রতীয়মান হয়।
- ৯। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।
- ১০। যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবস-সমূহ পালন করতে হবে।
- ১১। বিদ্যালয়ের একটি দৃশ্যমান স্থানে বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের উপর বিভিন্ন বই সম্বলিত মুজিব কর্নার/ হৃদয়ে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করতে হবে।
- ১২। ফলাফল মানসম্মত হতে হবে।
- ১৩। নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অনূন ৬০ (ষাট) দিন পূর্বে নির্ধারিত ফি জমা দানপূর্বক নিবন্ধন নবায়নের জন্য আবেদন করতে হবে।
- ১৪। বোর্ড প্রয়োজনে ২০১৭ সালের ৫ই জুন তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধি-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট স্থগিত করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: অধ্যক্ষ

Averroes International School-Uttara

সেক্টর- ০৭, রোড- ০৭, বিল্ডিং- ০৩


উত্তরা, ঢাকা- ১২০৩।

মেমো নং- ৩০৫৬ (৬)

তারিখ: ২৪ ০৭ ২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, ঢাকা;
- ৪। কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি- ৩১ (৩য় তলা), রোড-৪, ব্লক- এফ, বনানী, ঢাকা-১২১৩;
- ৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার, পিয়ারসন এডএক্সেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পাহুপথ, ঢাকা।
- ৬। পরিচালক/প্রতিষ্ঠাতা, Averroes International School-Uttara;
- ৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৮। অফিস কপি।

  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

  
২৪/০৭/২০২৪